২৫ এপ্রিল: টানা চারবার লিগ কাপ জিতল ম্যাঞ্চেস্টার সিটি। ওয়েসলিভে হুংগা ফাইনালে পেপ গুয়ার্ডিওলার দল টটেনহামকে ১-০ হারাল। স্টেডিয়ামে বসে খেলা দেখলেন আট হাজার দর্শকও। সেলা শেষ হওয়ার আট মিনিট আগে হুংগা একবার গোলাট করেন এমেরিক লাপোর্ট। এমনিতেও শেষ ১৩ মিনিটে এই প্রথম কোনও ফুটবল ম্যাচ স্টেডিয়ামে বসে দেখলেন দর্শকরা। কয়েকটা অতিক্রমির মধ্যেই দর্শক নিয়ে ম্যাচ করার পরীক্ষা চালান প্রশাসন।

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেকে নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## নিজেকে সুস্থ রেখে সংকটকালের সঙ্গে লড়াইতে হবে



দেবপ্রিয় ওঝা

চিফ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার  
ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (এম ডি আই)  
ইন্ডাস্ট্রিয়াল ফিন্যান্স কর্পোরেশন অব ইন্ডিয়া

আমাদের দেশে বিপুল সংখ্যক মানুষ করোনামুক্ত বিধ্বস্ত। কেউ প্রত্যক্ষ ভাবে আক্রান্ত, কেউ পরোক্ষ ভাবে পরিহিতির শিকার। কিন্তু লড়াইটা জারি আছে, আর অতিমারির ইতিহাস বলছে, শেষ পর্যন্ত রোগকে হারিয়ে জিতেছে মানুষই। তাই নিজের উপর বিশ্বাস রাখা এবং নিজেকে তৈরি রাখা। এ কথা ঠিক, লড়াইটা এখন অনেক বেশি আর কঠিনও। নিজেকে সুস্থ রাখা, আর্থিক সমস্যা সামলানো, পড়াশোনা, চাকরি পাওয়া, নতুন পদ্ধতিতে ইন্টারভিউ দেওয়া—সব কিছুর জন্যই প্রস্তুত ও সচেতন থাকতে হবে।

### কর্মী নিয়োগ হচ্ছে

খবরের কাগজে চোখ রাখলে দেখতে পাবে, কর্মখালির বিজ্ঞাপন কিন্তু থাকছে। ইন্টারনেটে খুঁজলেও পাবে। তার মানে কর্মী নিয়োগ বন্ধ নেই,

চাকরি হচ্ছে, নতুন ছেলেমেয়েরা কাজে যোগও দিচ্ছে। সরকারি-বেসরকারি উভয় ক্ষেত্রেই নিয়োগ হচ্ছে। তবে ইন্টারভিউ এখনও অনলাইনেই হচ্ছে। এতদিনে আমরাও অনলাইন কথোপকথনে অভ্যস্ত হয়ে গিয়েছি। সামনে বসে কথা না বললে বোঝানো যায় না ভালো ভাবে—এই জাতীয় মনোভাব দূরে সরিয়ে ফেলো এখন। বরং ভেবে দেখো অনলাইনের ইতিবাচক দিকগুলো। তাহলে আত্মবিশ্বাস ফিরে পাবে।

ভারতের জনসাধারণের একটা বড় অংশ এক জায়গা থেকে অন্য জায়গায় সরে গিয়েছে এই দু'বছরে। কেউ চাকরি হারিয়ে বাড়ি ফিরে এসেছে, কেউ স্বেচ্ছায় কাজ ছেড়ে পরিবারের কাছে চলে এসেছে। যেমন, শ্রমিকেরা কর্মস্থল ছেড়ে চলে যেতে বাধ্য হয়েছেন। উচ্চ আয়ের চাকরির ক্ষেত্রেও একই ভাবে শূন্যস্থান তৈরি হয়েছে। এই শূন্যস্থান



পূরণের একটা ধারাবাহিক প্রক্রিয়া চলছে। ফলে চাকরির জন্য আবেদন করা বন্ধ রেখো না।

### ইতিবাচক দৃষ্টিভঙ্গি

এই সময়ের ইতিবাচক দিকটা হল, বাড়ি থেকে স্কুল-অফিস-আদালত করতে গিয়ে যাতায়াতের সময় বেঁচে যাচ্ছে। এই সময়টাকে নিজের কাজে

ব্যবহার করতে পারো। নিজের পুরনো হবি নিয়ে নতুন করে কাজ করতে পারো। ছোট আকারে অন্য কাজ করতে পারো। যেমন অনেকে নিজের পেশা অক্ষুণ্ণ রেখেই পাশাপাশি রান্না

ও হোম ডেলিভারির কাজ করছেন। অনেকে বয়স্ক মানুষদের বা রোগীর বাড়ি খাবার-ওষুধ বা অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী পৌঁছে দিচ্ছেন। এটা উদাহরণ মাত্র। খুঁজলে দেখবে এই

সংকটকালে মানুষের প্রয়োজনে লাগে এমন বহু পেশা ও পরিষেবার ক্ষেত্র তৈরি হয়েছে। মানুষের পাশে দাঁড়ানোর তৃপ্তির সঙ্গেই নিজের উপার্জনের রাস্তাটাও পেয়ে যেতে পারো।

## বাঁশ দিয়ে তৈরি অন্য ধরনের হস্তশিল্প সামগ্রী দেখাতে পারে আয়ের পথ

### প্রথম পাতার পর

টাকা থেকে শুরু করে ২৮,০০০ টাকা পর্যন্ত দামে তাঁর তৈরি হাতের কাজ বিক্রি হয়। নিজেই বাঁশ সংগ্রহ করে এনে একা হাতে সেসব কেটে-কুঁদে বানান, ফলে বিক্রির পর লভ্যাংশের পুরোটাই তাঁর থাকে। বাগো বছর ধরে এই কাজ করছেন তিনি।

লোকমুখে ও বর্তমানে সোশ্যাল মিডিয়ার মাধ্যমে তাঁর কাজ খুবই জনপ্রিয় হয়েছে। নিজেই স্বীকার করলেন, বিক্রিও ভালোই হচ্ছে।

করোনা-কালে যারা কাজ হারিয়েছেন কিংবা অবসর সময়ে বা নিজের পেশার পাশাপাশি ঘরে বসে ছোটখাটো ব্যবসা করে যারা উপার্জন করতে চাইছেন, তাঁদের জন্য উপযুক্ত হস্তশিল্পের কাজ। যাদের হস্তশিল্প তৈরিতে আগ্রহ আছে, তাঁরা গণেশবাবুর কাছে প্রশিক্ষণ নিয়ে বাঁশের হস্তশিল্পসামগ্রী তৈরি করে স্বনির্ভর হওয়ার কথা ভাবতে পারেন। তিনি বিনামূল্যে প্রশিক্ষণ দেন। অথবা, গণেশবাবুর থেকে সামগ্রী হোলসেল দামে কিনেও বিপণন করার কথা ভাবতে পারেন।

গণেশ ভট্টাচার্যের সঙ্গে যোগাযোগের নম্বর: ৯৯৮০৬-৯৫৮১৪।



### বাঁশের তৈরি পরিবেশবান্ধব বোতল, কাপ, টিফিনবক্সের চাহিদা বাড়ছে

গণেশ ভট্টাচার্য  
হস্তশিল্পী

আমি প্রথমে তৈরি করেছিলাম হাতে টানা রিকশার রেট্রিকা। তারপরে ধীরে ধীরে আরও কিছু ছোট ছোট জিনিস। বিক্রি করব, এমন মানসিকতা প্রথমে ছিল না। কিন্তু লোকজনের পছন্দ হতে সিরিয়াসলি কাজ শুরু করি এবং আরও জিনিস তৈরির অর্ডার পেতে শুরু করি। আজ বারো বছর এটাই আমার পেশা। আমার তৈরি জিনিসের মধ্যে উল্লেখযোগ্য— হাওড়া ব্রিজ, ট্রাম, চন্দ্রনাথ মন্দির, ঝাড়বাতি, টানা রিকশা, জাহাজ, বিভিন্ন বাদ্যযন্ত্র ইত্যাদি। পূজো-প্যান্ডেলের জন্যও নকশা তৈরি করে দিয়েছি। এখন চাহিদা বেড়েছে জলের বোতলের। এক লিটারের জলের বোতল তৈরি করছি। এর পাশাপাশি বাঁশের চায়ের কাপ, কফি মাগ, টিফিনবক্স তো আছেই। এগুলোতে ঠাণ্ডা-গরম খে-কোনো খাবার রাখা যায়।

তৈরির পাশাপাশি আমি হাতেকলমে কাজও শেখাতে চাই। কাজ শিখতে কত দিন লাগবে তা নির্ভর করে শিক্ষার্থীর মেধা ও দক্ষতার উপর। আমার কাছে শিখতে কোনও পারিশ্রমিক লাগবে না। সম্পূর্ণ বিনামূল্যে কাজ শেখাব। কিন্তু শিক্ষার্থীর খেঁচ ও ইচ্ছা থাকা চাই। এক্ষেত্রে হাতের কারিকুরি শেখার পাশাপাশি কল্লনাশক্তিরও প্রয়োজন। নিজের চিন্তাভাবনা থেকে জিনিস তৈরি করতে না পারলে মানুষকে তা আকর্ষণ করবে না। কেউ যদি আমার তৈরি জিনিস কিনে ব্যবসা করতে চান, তাও সম্ভব। গোটা কাজটা নিজে হাতে করি। তাই ডেলিভারি দিতে কিছুটা সময় লাগে। ফলে, অর্ডার নিয়ে হাতে করি। তাই ডেলিভারি নেওয়ার মধ্যে যথেষ্ট সময় যাতে থাকে সেদিকে লক্ষ রাখতে হবে। আমি মূলত নিজের মস্তিষ্কপ্রসূত নকশা নিয়েই কাজ করি, তবে কেউ যদি তাঁর নিজস্ব নকশা দিয়ে কাজ করতে চান, তাও সম্ভব। বাঁশ দিয়ে এমন কাজ হস্তশিল্পীদের জগতে নতুন। আমি অস্তিত্ব আর কাউকে করতে দেখিনি। এই কাজের শিল্পী হিসেবে আমি চাই নবীনরা এই পেশায় আসুন।

মে, ২০২১

# ভ্রমণ

এখন ঘরে বসে পড়ুন।  
পরে বেরিয়ে পড়ুন।

কুলিকে পাখির রাজ্যে। আনলক পর্বে করবেটের জঙ্গলে।  
গাড়োমালের পথে। গুপ্ত বৃন্দাবন থেকে তপোবন।  
দলগাঁও থেকে চিসাং হয়ে পালা। কাংড়া উপত্যকা। তড়াবার বাঘ। মায়াবী মেক্সিকো। দার্জিলিং। ছদ্মশক আগের কাশ্মীর।

আজই আপনার সংবাদপত্র বিক্রেতাকে বলে রাখুন।

## চাকরির পরীক্ষায় **কর্মেত্র** কোটিং

### ডব্লু বি সি এস প্রিলিমিনারি

#### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

##### দুয়ের পাতার পর

66. ভারতীয় সংবিধান ক'টি খণ্ডে বিভক্ত?
  - (a) 20টি (b) 21টি (c) 22টি (d) 23টি
67. লিগনাইট এক ধরনের
  - (a) আকরিক (b) তামা (c) কয়লা (d) চূনাপাথর
68. মানুষের প্রধান রক্ত উৎপাদনকারী কলা হল:
  - (a) বৃক্ক (b) যকৃৎ (c) গ্রীহা (d) অস্থি
69. সমুদ্রগুপ্তের সভাকবি কে ছিলেন?
  - (a) অশ্বমেধ (b) নাগার্জুন (c) হরিশ্বেণ (d) আর্যভট্ট
70. ইউরিয়ার রাসায়নিক নাম উল্লেখ করুন:
  - (a) ইথানল (b) কার্বামাইড (c) ফেনল (d) অ্যালুমিনিয়াম কার্বাইড
71.  $(2.3)^3 + 0.027$  -এর মান নির্ণয় করুন:
  - (a) 2.6 (b) 2.0 (c) 2.3 (d) 2.8
72. প্রাথিনা সমাজ কে প্রতিষ্ঠা করেছিলেন?
  - (a) কেশবচন্দ্র সেন (b) রামমোহন রায় (c) আত্মারাম পান্ডুরাও (d) তিতুমীর
73. খানুয়ার যুদ্ধ বাবরের প্রধান প্রতিপক্ষ কে ছিলেন?
  - (a) রাসাঙ্গ (b) বহলুল লোদি (c) আকবর (d) হিমু
74. বঙ্গভঙ্গ রদ করা হয় কত সালে?
  - (a) 1911 (b) 1912 (c) 1913 (d) 1914
75. ব্যাটারিতে কোন অ্যাসিড ব্যবহৃত হয়?
  - (a) অ্যাসিটিক অ্যাসিড (b) হাইড্রোক্লোরিক অ্যাসিড (c) নাইট্রিক অ্যাসিড (d) সালফিউরিক অ্যাসিড
76. 'ডিসকভারি অব ইন্ডিয়া' বইটি কার লেখা?
  - (a) লাল লাজপত রায় (b) ফজলুল হক (c) জওহরলাল নেহরু (d) রাসবিহারী বসু
77. পরিবেশের চাপ মাগা হয় কোন যন্ত্রের সাহায্যে?
  - (a) ব্যারোমিটার (b) হাইড্রোমিটার (c) হাইড্রোমিটার (d) অলটিমিটার
78. লক্ষন শহরটি কোন নদীর তীরে অবস্থিত?
  - (a) রাইন (b) কানেরী (c) টেমস (d) ভলগা
79. কে প্রথম সিলিন সার্ভিস পরীক্ষা চালু করেন?
  - (a) লর্ড কর্নওয়ালিশ (b) লর্ড ডালহৌসি (c) লর্ড ডাফরিন (d) লর্ড রিপন
80. যদি  $\frac{x}{y} = \frac{3}{4}$  হয়, তাহলে  $\frac{6}{7} + \frac{y-x}{y+x}$  -এর মান কত হবে?
  - (a) 1 (b)  $\frac{2}{7}$  (c)  $\frac{3}{7}$  (d)  $1\frac{3}{7}$
81. তীল বিদ্রোহ কোথায় হয়েছিল?
  - (a) সিংভুম (b) হেটনাগপুর (c) সীতারা (d) অসম
82. ভারতের পরিকল্পনা কমিশনের সভাপতি কে?
  - (a) স্পিকার (b) উপরাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) স্বরাষ্ট্রমন্ত্রী
83. কোন ভিটামিনের রাসায়নিক নাম 'অ্যাসকরবিক অ্যাসিড'?
  - (a) ভিটামিন-ডি (b) ভিটামিন-সি (c) ভিটামিন-কে (d) ভিটামিন-বি
84. নাদির শাহের ভারত আক্রমণ কত সালে হয়েছিল?
  - (a) 1723 (b) 1737 (c) 1739 (d) 1740
85. ভারতে কমিউনিস্ট দল গঠিত হয় কত সালে?
  - (a) 1920 (b) 1922 (c) 1924 (d) 1926
86. যদি DEAF = 32, তাহলে LEAF = ?
  - (a) 48 (b) 50 (c) 52 (d) 56
87. Doctor : Patient :: Politician : ?
  - (a) Money (b) Voter (c) Public (d) Chair
88. হুমায়ূনের মৃত্যু কত সালে হয়েছিল?
  - (a) 1565 (b) 1556 (c) 1658 (d) 1570
89. ঐশ্বরশ্মির আবিষ্কার কে ছিলেন?
  - (a) ডারউইন (b) সত্যেন্দ্রনাথ বসু (c) ডালটন (d) রস্ট্রডেন
90. সীমাহা গান্ধী নামে পরিচিত কোন ব্যক্তি?
  - (a) ফজলুল হক (b) আব্দুল গফফর খান (c) আবুল কালাম আজাদ (d) নসরু শাহ
91. রাষ্ট্রপতি কোনও একটি রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করতে পারেন কত নম্বর ধারা প্রয়োগ করে?
  - (a) 356 ধারা (b) 357 ধারা (c) 358 ধারা (d) 359 ধারা
92. ভারতের প্রথম ভাইসরয় কে ছিলেন?
  - (a) বেটিন্ড (b) কার্জন (c) ডালহৌসি (d) ক্যানিং
93. ভারতবর্ষে ইংরেজি ভাষার মাধ্যমে শিক্ষাদান সরকারিভাবে ঘোষিত হয়:
  - (a) 1855 সালে (b) 1835 সালে (c) 1855 সালে (d) 1845 সালে
94. প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা কত সালে শুরু হয়?
  - (a) 1951 (b) 1952 (c) 1953 (d) 1954
95. আত্মীয় সভা কে প্রতিষ্ঠা করেন?
  - (a) জয়নাল আবেদিন (b) রামমোহন রায় (c) জগদীশচন্দ্র বসু (d) বিদ্যাসাগর
96. লোকসভার সর্বাধিক সদস্য সংখ্যা হল:
  - (a) 520 জন (b) 530 জন (c) 540 জন (d) 550 জন
97. নীচের কোন রাজ্যটির নিজস্ব হাইকোর্ট নেই?
  - (a) মধ্যপ্রদেশ (b) উত্তরপ্রদেশ (c) অরুণাচল প্রদেশ (d) হিমাচল প্রদেশ
98. কে প্রথম অস্ত্র আইন পাশ করেছিলেন?
  - (a) লর্ড লিটন (b) লর্ড কার্জন (c) লর্ড রিপন (d) লর্ড মেয়ো
99. কোনটি মাপক যন্ত্র নয়?
  - (a) থার্মোমিটার (b) হাইড্রোমিটার (c) পিকোমিটার (d) ব্যারোমিটার
100. জাবতি প্রথা কে প্রবর্তন করেছিলেন?
  - (a) আকবর (b) হুমায়ূন (c) শাহজাহান (d) বাবর
101. কোন মুঘল সম্রাটের নিজের প্রহাণের সিঁড়ি থেকে পড়ে মৃত্যু ঘটে?
  - (a) বাবর (b) হুমায়ূন (c) আকবর (d) শাহজাহান

### রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

#### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

##### দুয়ের পাতার পর

- C-র অর্ধেক পায় এবং B পায় A ও C-এর  $\frac{1}{4}$  অংশ, B অপেক্ষা A কত বেশি পাবে?
- (a) 550 টাকা (b) 950 টাকা (c) 750 টাকা (d) 350 টাকা
69. পাঁচটি বই A, B, C, D, E একটির ওপর একটি এমনভাবে রাখা আছে। E রাখা আছে A-এর ওপরে এবং C রাখা আছে B-এর নীচে, আবার A আছে B-এর ওপরে এবং D আছে C-এর নীচে। সবচেয়ে ওপরে কোন বইটি আছে?
- (a) E (b) B (c) C (d) D
70. শব্দের গতবেগ কোন মাধ্যমের কোন রাশির ওপর নির্ভর করে না?
- (a) চাপ (b) উষ্ণতা (c) ঘনত্ব (d) আর্দ্রতা
71. 'অপস্ট-অফার'-এ প্রস্তাবগুলি কী ছিল?
- (a) ডোমিনিয়ন স্ট্যাটাস (b) ভারতের পূর্ণ স্বাধীনতা (c) কেন্দ্রে প্রতিনিধিত্বমূলক সরকার (d) ওপরের সবকিছুই
72. চন্দ্রগুপ্ত মৌর্যের পর কে সিংহাসনে বসেন?
- (a) হর্ষবর্ধন (b) অশোক (c) বিন্দুসার (d) অজাতশত্রু
73. Shorea Robusta-র বীরভূম (c) বীকড়া (d) কুচবিহার
- (a) সেগুন (b) চন্দন (c) শিশু (d) শাল
74.  $104^2 + 105^2 + 106^2$  যোগফলটির একক স্থানের অঙ্কটি হল:
- (a) 4 (b) 8 (c) 7 (d) 9
75. E U G I  
R U X  
J N ?
- (a) O (b) Q (c) P (d) R
76. দুয়ের সঙ্গে জল 5 : 1 অনুপাতে মেশানো হল। যদি প্রতি লিটার দুয়ের দাম 12 টাকা হয়, তবে এই মিশ্রিত দুয়ের প্রতি লিটারের দাম হবে:
- (a) 11 টাকা (b) 12 টাকা (c) 10 টাকা (d) 13 টাকা
77. পঞ্চমবর্ষের রেশম শিল্পের প্রধান জেলা হল:
- (a) মুর্শিদাবাদ (b) বীরভূম (c) বীকড়া (d) কুচবিহার
78. ELFA, GLHA, ILJA, \_\_\_\_\_, MLNA
- (a) LLMA (b) KLLA (c) OLLA (d) KLMA
79. ভারতীয় সিপাহি ও বিদ্রোহীদের নিয়ে বিদ্রব সংগঠনের চেষ্টা 1913 সাল নাগাদ কে করেছিলেন?
- (a) হুদরাম বসু (b) রাসবিহারী বোস (c) বাঘাযতীন (d) অরবিন্দ ঘোষ
80. ভারতে কর্পাস চাষ সবচেয়ে ভালো হয়:
- (a) কৃষ্ণ মৃত্তিকায় (b) ল্যাটেরাইট মৃত্তিকায় (c) পলিমাটিতে (d) সবগুলিতে
81. সঠিক চিহ্ন নির্বাচন করুন:
- $$(23 - 5) * (12 \div 2) + 3 * 6$$
- $$x + - = (d) \div + = (d) \div + =$$
82. Plane : Air :: Car : ?
- (a) Road (b) Atmosphere (c) Motor cycle (d) Engine
83. আইভরি ব্ল্যাক কী?
- (a) শ্রদ্ধা অঙ্গার (b) কাঠ অঙ্গার (c) রক্ত অঙ্গার (d) অস্থি অঙ্গার
84. মূল্যবান পাথর রুবীর মধ্যে কোন গাভু আছে?
- (a) সিলভার (b) অ্যালুমিনিয়াম (c) ম্যাগনেশিয়াম (d) জিঙ্ক
85. 1 ও 30-এর মধ্যে মৌলিক সংখ্যাগুলির সংখ্যা হল:
- (a) 12 (b) 10 (c) 11 (d) 15
86. লুপ্তপ্রায় সংখ্যাটি কত?
- $$\frac{1}{3} * \frac{1}{7} * \frac{1}{13} * \frac{1}{31}$$
- (a)  $\frac{20}{91}$  (b)  $\frac{6}{91}$  (c)  $\frac{1}{21}$  (d)  $\frac{20}{21}$
87. সংবিধানের কোন অনুচ্ছেদ বলে রাজ্যপাল মন্ত্রিসভার সাহায্য ও পরামর্শ থেকে সম্পূর্ণ স্বাধীনভাবে কাজ করতে পারেন?
- (a) অনুচ্ছেদ 163 (b) অনুচ্ছেদ 164 (c) অনুচ্ছেদ 165 (d) অনুচ্ছেদ 166
88. ? স্থানে কোন সংখ্যাটি বসবে?
- $$0, 2, 8, 14, ?, 24$$
- (a) 20 (b) 23 (c) 24 (d) 25
89. ভুল সংখ্যাটি নির্বাচন করুন:
- $$3, 8, 15, 24, 34, 48, 63$$
- (a) 15 (b) 24 (c) 34 (d) 48
90. রবীন্দ্রনাথ ঠাকুর কে ছদ্মনামটি ব্যবহার করতেন তা হল:
- (a) ডানুসিংহ (b) পরশুরাম (c) বনমূল (d) বীরবল
91. নীচের অ্যাসিডের মধ্যে কোনটি আপেক্ষে পাওয়া যায়?
- (a) ফরমিক অ্যাসিড (b) ম্যালিক অ্যাসিড (c) ল্যাকটিক অ্যাসিড (d) অ্যাসেটিক অ্যাসিড
92. একটি বাদে 4, 9, 16, 25, 36, 48 —এই সংখ্যাগুলি একই নিয়মে সাজানো আছে। সেই সংখ্যাটি হল:
- (a) 16 (b) 25 (c) 36 (d) 48
93. ভারতীয় সংবিধানের 25 নম্বর ধারায় উল্লেখ আছে:
- (a) শোষণের বিরুদ্ধে অধিকার (b) ধর্মের স্বাধীনতার অধিকার (c) সাংস্কৃতিক ও শিক্ষার অধিকার (d) ধর্মশিক্ষার ওপর নিষেধাজ্ঞা
94. ? চিহ্নিত স্থানে কোন সংখ্যাটি বসবে?
- $$\frac{?}{29} * \frac{5}{7}$$
- (a) 52 (b) 55 (c) 57 (d) 49
95. নুনের দাম 20% বেড়ে গেল। নুনের ব্যবহার কত শতাংশ কমালে এর জন্য খরচ আগের মতো থাকবে?

### চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ছয়ের পাতার পর

- (a) 20% (b) 15% (c)  $16\frac{2}{3}\%$  (d)  $12\frac{1}{2}\%$   
 96. 1, 2, 6, 15, 31, ... পরবর্তী সংখ্যাটি নির্ণয় করুন:  
 (a) 56 (b) 57 (c) 58 (d) 59  
 97. একটি দুর্গে 840 সৈন্যের 70 দিনের খাদ্য মজুত আছে; 10 দিন পর আরও 210 জন সৈন্য দুর্গে এল। অবশিষ্ট খাদ্যে সকল সৈন্যের আরও কতদিন চলবে?  
 (a) 48 (b) 49 (c) 50 (d) 51  
 98. ? স্থানে কোন সংখ্যাটি বসবে?

5	7	9
9	6	4
36	36	?

- (a) 40 (b) 32 (c) 36 (d) 42  
 99. পরবর্তী অক্ষরটি নির্ণয় করুন:  
 A R E N T J M ?  
 (a) V (b) H (c) G (d) F  
 100. দুটি সংখ্যার অনুপাত 2 : 3 এবং তাদের ল.সা.ও. 54 হলে সংখ্যা দুটির যোগফল হল:  
 (a) 45 (b) 48 (c) 36 (d) 37

#### উত্তর

- 39(d), 40(a), 41(a), 42(b), 43(a), 44(a), 45(a), 46(c), 47(d), 48(c), 49(d), 50(a), 51(c), 52(b), 53(d), 54(a), 55(a), 56(c), 57(c), 58(b), 59(a), 60(c), 61(a), 62(b), 63(a), 64(a), 65(c), 66(a), 67(b), 68(c), 69(a), 70(a), 71(a), 72(c), 73(d), 74(c), 75(d), 76(c), 77(c), 78(b), 79(b), 80(a), 81(c), 82(a), 83(c), 84(b), 85(b), 86(c), 87(a), 88(c), 89(c), 90(a), 91(b), 92(d), 93(b), 94(d), 95(c), 96(a), 97(a), 98(b), 99(d), 100(a).

#### সমাধান


- 3(c): (সাজানোর প্রক্রিয়াটি এইভাবে দেওয়া হল)  
 $0 \times 1 + 1 = 1, 1 \times 2 + 2 = 4, 4 \times 3 + 3 = 15, 15 \times 4 + 4 = 64, 64 \times 5 + 5 = 325.$   
 5(d): ইংরেজিতে ফেল করে =  $(100 - 58)\% = 42\%$   
 অঙ্কে ফেল করে =  $(100 - 68)\% = 32\%$   
 $\therefore$  শুধু ইংরেজিতে ফেল করে =  $(42 - 17)\% = 25\%$   
 শুধু অঙ্কে ফেল করে =  $(32 - 17)\% = 15\%$   
 $\therefore$  এক বিষয় ও উভয় বিষয়ে ফেল করে =  $(25 + 15 + 17)\% = 57\%$   
 $\therefore$  উভয় বিষয়ে পাশ করে =  $(100 - 57)\% = 43\%$

- $\therefore$  মোট ছাত্রসংখ্যা =  $\frac{215}{43} \times 100 = 500$  জন।  
 9(d): পৃথিবীর অভিকর্ষ বল =  $6 \times$  চাঁদের অভিকর্ষ বল =  $2 \times 6 = 12$  মিটার।  
 10(b):  $27 + 273 = 300$  ক।  
 12(c):  $(59\% - 41\%) = 18\% = 2412$   
 $\therefore 100\% = \frac{2412}{18} \times 100 = 134001.$

13(b):

R	E	S	C	U	E	P	R	O	B	L	E	M
↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓
3	7	2	0	5	7	9	3	4	8	1	7	6
P	R	O	C	U	R	E						
↓	↓	↓	↓	↓	↓	↓						
9	3	4	0	5	3	7						

- 14(d):  $E + 5 \rightarrow J + 5 \rightarrow O + 5 \rightarrow T$   
 $G + 5 \rightarrow L + 5 \rightarrow Q + 5 \rightarrow V$   
 $I + 5 \rightarrow N + 5 \rightarrow S + 5 \rightarrow X$   
 শূন্যস্থানের পদটি হল TVX.  
 15(b): 125 men : 150 men = 35 days : প্রয়োজনীয় দিনের সংখ্যা =  $\frac{150 \times 35}{125} = 42$  দিন।



- 19(d):  $\frac{KE_1}{KE_2} = 1, \frac{\frac{1}{2}m_1v_1^2}{\frac{1}{2}m_2v_2^2} = 1 \therefore m_1v_1^2 = m_2v_2^2$   
 $\therefore \frac{m_1}{m_2} = \frac{v_2^2}{v_1^2} \therefore \frac{m_1v_1}{m_2v_2} = \frac{v_2}{v_1} \times \frac{v_1}{v_2} \times \frac{v_1}{v_2} = \sqrt{\frac{m_1}{m_2}}$   
 $= \sqrt{m_1} : \sqrt{m_2}$

- 31(b): A : B : C = 100 : 65 : 40 = 20 : 13 : 8  
 এখন  $20 + 13 + 8 = 41$   
 যেহেতু  $\frac{8}{41}$  পুরো টাকা = Rs. 8  $\therefore$  মোট টাকা = Rs.  $\frac{8 \times 41}{8} =$  Rs. 41.  
 33(b):  $\frac{x}{5} = \frac{x-32}{9}$

- $\Rightarrow 9x = 5x - 160 \Rightarrow 4x = -160 \Rightarrow x = -40.$   
 34(b): ধরা যাক, বাকি খাদ্যে x দিন চলে  
 $\therefore 12000 \times 45 = x \times (1200 - 300)$

- $\Rightarrow 900x = 1200 \times 45 \Rightarrow x = \frac{1200 \times 45}{900} = 60$  days.  
 35(a): ক্ষতি =  $\left(\frac{5-4}{5} \times 100\right)\% = \left(\frac{1}{5} \times 100\right)\% = 20\%.$

- 36(b): 1 টাকার মুদ্রা আছে =  $\frac{384 \times 2}{12} = 32 \times 2 = 64$  টি = 64 টাকা  
 আধুলি আছে =  $\frac{384 \times 3}{12} = 32 \times 3 = 96$  টি = 48 টাকা  
 সিকি আছে =  $\frac{384 \times 7}{12} = 32 \times 7 = 224$  টি = 56 টাকা  
 $\therefore$  মোট আছে =  $(64 + 48 + 56)$  টাকা = 168 টাকা।

- 46(c): বড় সংখ্যাটি =  $\frac{45+5}{2} = 25$   
 ছোট সংখ্যাটি =  $45 - 25 = 20 \therefore 25$  ও  $20$ -এর গ.সা.ও. = 5.  
 51(c): পরিসীমা =  $(35 \times 4)$  মিটার = 140 মিটার  
 বালকটির গতিবেগ =  $\left(9 \times \frac{5}{18}\right)$  মিটার/সেকেন্ড =  $\frac{5}{2}$  মিটার/সেকেন্ড

- সময় লাগবে =  $\left(140 \times \frac{2}{5}\right)$  সেকেন্ড = 56 সেকেন্ড।  
 52(b): 91 ও 143-এর ল.সা.ও. = 13  
 $\therefore$  বালক সংখ্যা = 13.  
 53(d): এখানে W, X ও Z হল মহিলা সদস্য, V ও Y হল পুরুষ সদস্য কিন্তু U পুরুষ না মহিলা তা বোঝা যাচ্ছে না।


- 54(a): K = 11, O = 15, L = 12, A = 01  
 $\therefore$  Letter গুলি Alphabet-এর ক্রমিক সংখ্যা নির্দেশ করে  
 BENGALi = 02 05 14 07 01 12.  
 55(a):  $3x - 2x = 3$  or,  $x = 3$   
 $\therefore$  দু'খ আছে =  $3 \times 3 = 9$  লিটার।  
 58(b): বৃহত্তম সংখ্যা = 5410  
 ক্ষুদ্রতম সংখ্যা = 1045  
 $\therefore$  পার্থক্য =  $5410 - 1045 = 4365.$

- 59(a):  $x + (x + 1) + (x + 2) + (x + 3) + (x + 4) + (x + 5) = 69$   
 $\Rightarrow 6x + 15 = 69 \Rightarrow 6x = 69 - 15 = 54$   
 $x = 9$  বৃহত্তম সংখ্যাটি =  $9 + 5 = 14.$   
 60(c):  $a + b = 45, ab = 500$

- $a - b = \sqrt{45^2 - 4 \times 500} = \sqrt{2025 - 2000} = \sqrt{25} = 5$   
 একটি সংখ্যা =  $\frac{45+5}{2} = 25$   
 অপর সংখ্যা =  $45 - 25 = 20$   
 $25$  ও  $20$ -এর গ.সা.ও. = 5.

- 61(a): ধরা যাক, সংখ্যা দুই  $3x$  ও  $5x$   
 গুণের গ.সা.ও. =  $x = 12.$   
 সংখ্যা দুই  $3 \times 12 = 36, 5 \times 12 = 60$   
 $\therefore$  গুণফল =  $36 \times 60 = 2160.$   
 62(b):  $5 = 6 = 5 + 1$        $6 = 8 = 6 + 2$   
 $7 = 10 = 7 + 3$        $\therefore 8 = 8 + 4 = 12$

- 63(a):  $100 \times \frac{120}{100} \times \frac{120}{100} = 144$   
 $\therefore$  সংখ্যাটি বাড়বে =  $(144 - 100)\% = 44\%$



- $\therefore E$ -এর বীদিকে বসেছে B.  
 65(c):  $(2x + 1) + (2x + 3) + (2x + 5) = 45$   
 $6x + 9 = 45 \Rightarrow 6x = 45 - 9 = 36$   
 $x = 6$ , বৃহত্তম সংখ্যা =  $2 \times 6 + 5 = 17.$   
 66(a): সংখ্যা শ্রেণিটি হল: = 2, 3, 4, 9, 8, 27, ? = 2, 3, (2)<sup>2</sup>, (3)<sup>2</sup>, (2)<sup>3</sup>, (3)<sup>3</sup>, (2)<sup>4</sup>  
 $\therefore$  ? স্থানে বসবে = 16.  
 67(b):  $6 \times 6 = 66 \div 2 = 33$        $7 \times 2 = 72 \div 2$   
 $4 \times 8 = 48 \div 2 = 24$        $\therefore 8 \times 4 = 84 \div 2 = 42$


- 68(c):  $A = \frac{B+C}{2}$  বা,  $2A = B + C$   
 বা,  $3A = A + B + C$   
 আবার,  $B = \frac{A+C}{4}$  বা,  $4B = A + C$   
 বা,  $5B = A + B + C \therefore A$  পায় =  $\frac{5625}{3} = 1875$  টাকা  
 $B$  পায় =  $\frac{5625}{5} = 1125$  টাকা  
 $\therefore A, B$  অপেক্ষা বেশি পায় =  $1875 - 1125 = 750$  টাকা।  
 69(a): 

E
A
B
C
D

- বইগুলি যেভাবে রাখতে হবে তার চিত্রটি দাঁড়ায় এইরকম

### ডব্লু বি সি এস প্রিলিমিনারি

পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর  
 ছয়ের পাতার পর  
 (a) 107 (b) 77 (c) 27 (d) 50  
 135. ? লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন:




- (a) 2 (b) 52 (c) 66 (d) 28  
 136. শ্রী চৈতন্যদেব আবির্ভূত হয়েছিলেন কোন আমলে?  
 (a) হুসেন শাহ (b) নাসিরুদ্দিন শাহ (c) ফজলুল হক (d) নসরৎশাহ  
 উত্তর

- 1(b), 2(b), 3(b), 4(b), 5(b), 6(d), 7(a), 8(d), 9(a), 10(b), 11(b), 12(a), 13(b), 14(d), 15(a), 16(d), 17(a), 18(b), 19(c), 20(a), 21(a), 22(c), 23(b), 24(d), 25(a), 26(a), 27(c), 28(b), 29(b), 30(a), 31(a), 32(c), 33(d), 34(b), 35(b), 36(c), 37(c), 38(b), 39(b), 40(b), 41(a), 42(c), 43(b), 44(d), 45(a), 46(a), 47(c), 48(b), 49(b), 50(a), 51(b), 52(c), 53(b), 54(b), 55(c), 56(b), 57(c), 58(a), 59(b), 60(a), 61(c), 62(c), 63(b), 64(c), 65(a), 66(c), 67(c) 68(b), 69(c), 70(b), 71(a), 72(c), 73(a), 74(a), 75(d), 76(c), 77(d), 78(c), 79(a), 80(a), 81(b), 82(c), 83(b), 84(c), 85(c), 86(a), 87(b), 88(b), 89(d), 90(b), 91(a), 92(d), 93(b), 94(a), 95(b), 96(d), 97(c), 98(a), 99(c), 100(a), 101(b), 102(c), 103(b), 104(b), 105(d), 106(c), 107(d), 108(c), 109(a), 110(b), 111(c), 112(b), 113(b), 114(c), 115(a), 116(b), 117(a), 118(b), 119(b), 120(b), 121(d), 122(b), 123(c), 124(b), 125(a), 126(d), 127(a), 128(b), 129(c), 130(d), 131(b), 132(c), 133(a), 134(b), 135(c), 136(a).


এরপর আগামী সংখ্যার প্রস্তুত করেছেন: সাগর রায়

- $\therefore$  সবচেয়ে ওপরে রয়েছে E বইটি।  
 74(c):  $4^2 + 5^2 + 6^2 = 6 + 5 + 6 = 7.$   
 75(d):  $E + 2 \rightarrow G + 2 \rightarrow I$   
 $R + 3 \rightarrow U + 3 \rightarrow X$   
 $J + 4 \rightarrow N + 4 \rightarrow R$

- 76(c): ধরা যাক, 5 লিটার দুধের সঙ্গে 1 লিটার জল মেশানো হল  
 $\therefore (5 + 1) = 6$  লিটার মিশ্রিত দুধের দাম =  $5 \times 12 = 60$  টাকা  
 $\therefore 1$  লিটার মিশ্রিত দুধের দাম =  $\frac{60}{6} = 10$  টাকা।



- 81(c):  $(23 - 5) * (12 \div 2) * 3 * 6 \Rightarrow 18 \div 6 + 3 = 6.$   
 82(a): এখানেই আকাশে শুভে, ঠিক তেমনি গাড়ি রাখায় চলে।  
 85(b): 2, 3, 5, 7, 11, 13, 17, 19, 23, 29.  
 86(c):  $7 - 3 = 4, 13 - 7 = 6, 21 - 13 = 8, 31 - 21 = 10.$   
 88(c):  $0 \quad 2 \quad 8 \quad 14 \quad 24 \quad 34$   
 $\uparrow \quad \uparrow \quad \uparrow \quad \uparrow \quad \uparrow \quad \uparrow$   
 $(1^2 - 1) \quad (2^2 - 2) \quad (3^2 - 1) \quad (4^2 - 2) \quad (5^2 - 1) \quad (6^2 - 2)$




- 92(d): 48 বামে অন্যান্য সংখ্যাগুলির প্রতিটি পূর্ববর্গ।  
 94(d):  $29 \rightarrow 9 - 2 = 7$        $49 \rightarrow 9 - 4 = 5.$   
 95(c): খরচ কমাতে হবে  $\left(\frac{20}{120} \times 100\right)\% = \frac{50}{3}\% = 16\frac{2}{3}\%.$

- 96(a): নীচের সংখ্যা সারিটি হল:  
 1, 2, 6, 15, 31, ...  
 $2 - 1 = 1 = 1^2$        $6 - 2 = 4 = 2^2$        $15 - 6 = 9 = 3^2$   
 $31 - 15 = 16 = 4^2$   
 অতএব, পরবর্তী সংখ্যাটি হবে  $\rightarrow (31 + 5^2) = (31 + 25) = 56.$   
 97(a): 840 জন সৈন্যের চলে  $(70 - 10)$  দিন = 60 দিন  
 $\therefore (840 + 210) = 1050$  জন সৈন্যের চলে =  $\frac{60 \times 840}{1050} = 48$  দিন।  
 98(b):  $5 \times 9 - 9 = 45 - 9 = 36$   
 $7 \times 6 - 6 = 42 - 6 = 36$   
 $9 \times 4 - 4 = 36 - 4 = 32$   
 99(d): 

A	R	E	N	T	J	M	F
1	18	5	14	20	10	13	6

- 100(a): ধরা যাক, সংখ্যা দুটি হল  $2x$  ও  $3x$   
 গুণের ল.সা.ও. =  $6x$   
 $6x = 54$  or,  $x = 9$   
 $\therefore$  যোগফল =  $(2 + 3) \times 9 = 45$   
 প্রস্তুত করেছেন: সাগর রায়

# কী পড়বেন, কোথায় পড়বেন এম এস এম ই টুল রুমে স্বল্পমোদী কোর্স



হাউওয়ার আন্ট নেটওয়ার্কিং, আডভান্সড নেটওয়ার্কিং, রোবোটিক্স, কোর জাভা, অটো ক্যাড-সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছে কলকাতার এম এস এম ই টুল রুম। প্রশিক্ষণ দেওয়া হবে মে, জুন, জুলাই এবং আগস্টে।

সিভিল, মেকানিক্যাল এবং নন-মেকানিক্যাল শাখার কোর্সগুলিতে আবেদনের জন্য অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: [www.msnetoolroomkolkata.com](http://www.msnetoolroomkolkata.com) আবেদনের শেষ তারিখ প্রতিষ্ঠানের তরফে জানানো হয়নি। আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বিগ ডেটা অ্যানালিটিক্স এবং কম্পিউটার সায়েন্সের এম এসসি কোর্সে ভর্তি


বিগ ডেটা অ্যানালিটিক্স এবং কম্পিউটার সায়েন্সের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট। শুধু তরুণরা আবেদন করতে পারেন। কোর্সে মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে।

কোর্সের বিবরণ: বিগ ডেটা অ্যানালিটিক্স: শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, কম্পিউটার সায়েন্স, ইকনমিক্স (ইকনোমিট্রিক্স-সহ), ইলেক্ট্রনিক্স ও ফিজিক্সের মধ্যে যে-কোনও একটি বিষয়ে অনার্স-সহ বি এসসি বা এম এসসি। ফিজিক্সের ক্ষেত্রে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স ও স্ট্যাটিস্টিক্স পাঠে থাকলে অগ্রাধিকার। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। এ এম আই ই-রাও আবেদন করতে পারেন।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১৯ জুন। অনলাইন পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ইন্টারভিউ ২০-২৩ জুন।

কম্পিউটার সায়েন্স: শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইঞ্জিনিয়ারিংয়ে অনার্স-সহ বি এসসি বা বি টেক। অথবা যে-কোনও শাখায় বি টেক, সঙ্গে কম্পিউটার সায়েন্সে ডিপ্লোমা। অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনসে স্নাতক। সবক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১৯ জুন। অনলাইন পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ইন্টারভিউ ২০-২৩ জুন। ফাইনাল ইন্টারভিউয়ের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।



অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: <https://isr.rkmvu.ac.in/admission> উভয় কোর্সের ক্ষেত্রেই অনলাইন আবেদনের শেষ তারিখ ১৭ জুন। ফি বাবদ ৩০০ টাকা দিতে হবে অনলাইনে ডেভিড কার্ড বা ভিসা/মাস্টার কার্ডে ডেবিট বা নেট ব্যাংকিংয়ের মাধ্যমে।

অনলাইনে আবেদনের ফর্ম যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেন। এটি কোথাও পাঠাতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: [www.rkmvu.ac.in](http://www.rkmvu.ac.in)

# গোয়া শিপইয়ার্ডে ১৩০ ওয়েল্ডার, স্ট্রাকচারাল ফিটার, জেনারেল ফিটার

ওয়েল্ডার, স্ট্রাকচারাল ফিটার, জেনারেল ফিটার-সহ বিভিন্ন পদে ১৩০ জনকে নেবে গোয়া শিপইয়ার্ড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 03/2021.

শূন্যপদের বিবরণ: জেনারেল ফিটার ৫টি, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কিউ এ) ৩টি, আনফিল্ড ২৫টি, এক্সার পি ল্যামিনেটর ৫টি, ই ও টি ক্রেন অপারেটর ১০টি, ওয়েল্ডার ২৬টি, স্ট্রাকচারাল ফিটার ৪২টি, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (স্টোর্স) ৫টি, ট্রেনিং খালি ৯টি।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর, সেইক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: জেনারেল ফিটার: ওয়েল্ডার: আই টি আই কোর্স পাশ। জেনারেল ফিটার ট্রেডের ক্ষেত্রে ফিটার বা ফিটার জেনারেল ট্রেডে আই টি আই কোর্স পাশ প্রার্থীরা আবেদন করবেন। আই টি আই কোর্স পাশ, সঙ্গে উপরোক্ত সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এন সি টি ভি টি কর্তৃক স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকলেও আবেদন করা যাবে।

স্ট্রাকচারাল ফিটার: আই টি আই কোর্স পাশ, সঙ্গে স্ট্রাকচারাল ফিটার বা ফিটার বা ফিটার জেনারেল বা শিট মেটাল ওয়ার্কার ট্রেডে এন সি টি ভি টি কর্তৃক স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

ই ও টি ক্রেন অপারেটর: মাধ্যমিক, সঙ্গে আই টি আই কোর্স পাশ।

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কোয়ালিটি অ্যান্ড রোলস): শিপবিজ্ঞানে ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সঙ্গে এন সি টি ডেভেলপ-সি সার্টিফিকেট এবং অটোমোবাইল সার্টিফিকেট থাকতে হবে।

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (স্টোর্স): মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা শিপবিজ্ঞানে বা প্রোডাকশন বা ফ্যাব্রিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। মেটেরিয়ালস, লজিস্টিক্স, প্যাকেজিং, স্ট্রাইট চেন ম্যানেজমেন্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার।

এক্সার পি ল্যামিনেটর: শিপবিজ্ঞানে ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। ডিপ্লোমা কোর্সে অন্যতম বিষয় হিসেবে এক্সার পি পড়ে থাকতে হবে।

উপরোক্ত সবক'টি পদের ক্ষেত্রেই ৩১-৩-২০২১ তারিখ অনুসারে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ট্রেনিং খালি: মাধ্যমিক, সঙ্গে ফিটার বা ফিটার জেনারেল ট্রেডে আই টি আই কোর্স পাশ। মাজান ডক, কোচিন, গোয়া প্রভৃতি শিপইয়ার্ড থেকে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকলে অগ্রাধিকার।

আনফিল্ড: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩১-৩-২০২১ তারিখ অনুসারে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আই টি আই পাশ প্রার্থীদের অগ্রাধিকার।

বেতনক্রম: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট এবং এক্সার পি ল্যামিনেটর পদের ক্ষেত্রে ১৬,৬০০-৬০,৬০০ টাকা, ই ও টি ক্রেন অপারেটর পদের ক্ষেত্রে ১৪,৬০০-৪৮,৬০০ টাকা, আনফিল্ড পদের ক্ষেত্রে ১০,১০০-৩৫,০০০ টাকা এবং বাকি সব পদের ক্ষেত্রে ১৫,১০০-৫৩,০০০ টাকা।

ট্রেনিং খালি পদে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং স্কেলারীনে স্টাইপেন্ড প্রথম বছরে প্রতি মাসে ৭,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৭,৫০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে বেতনক্রম ১৫,১০০-৫৩,০০০ টাকা।

বয়স: ৩১-৩-২০২১ তারিখে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্র্যাকটিক্যাল টেস্টের মাধ্যমে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: <https://goashipyard.in> দরখাস্তের শেষ তারিখ ৪ জুন।

ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ২০০ টাকা। তফসিলি, সেইক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ড্রাফটটি "Goa Shipyard Limited"-এর অনুসঙ্গে "Vasco-da-Gama, Goa"-য় প্রদেয় হতে হবে।

দরখাস্তের সময় যে পি জি বা পি ডি এক ফর্মটিতে আপলোড করতে হবে এই সব নথি—সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা প্রার্থীর রঙিন পাসপোর্ট সাইজের ফটো, ক্যাঙ্কা কলিতে করা সই (প্রতিটি ৪৫০ কেবি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট (প্রতিটি ১ এম বি সাইজের মধ্যে), ডিমান্ড ড্রাফট, বয়সের প্রমাণপত্র, প্রয়োজ্য ক্ষেত্রে কাস্ট, ও

বি সি সার্টিফিকেট, সেইক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (প্রতিটি ৫০০ কেবি সাইজের মধ্যে)।

দরখাস্তের সময় একটি অ্যাপ্রিকেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। দরখাস্ত সাবমিটের পর সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

ডিমান্ড ড্রাফটের পিছনে অ্যাপ্রিকেশন নম্বর, নাম, মোবাইল নম্বর, যে-পদের জন্য আবেদন করছেন তার নাম এবং বিজ্ঞপ্তি নম্বর লিখে দেবেন। ড্রাফটটি পাঠাতে হবে।

ডিমান্ড ড্রাফট ১৪ জুনের মধ্যে পৌঁছাতে হবে এই ঠিকানায়: GM (HR&A), HR Department, Dr. B.R. Ambedkar Bhavan, Goa Shipyard Limited, Vasco-Da-Gama, Goa - 403802.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ব্যাঙ্ক নেট প্রেস ও মিন্টে ১৩১

জুনিয়র টেকনিশিয়ান এবং জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদে ১৩১ জনকে নেবে মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নেট প্রেস এবং নয়ডার ইন্ডিয়া গভর্নমেন্ট মিন্ট। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর BNP/HR/08/2020.

শূন্যপদের বিবরণ: ব্যাঙ্ক নেট প্রেস: জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: ১৫টি, জুনিয়র টেকনিশিয়ান (ইন্ড ফ্যাক্টরি): ৬০টি, জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং): ২৩টি, জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল/আই টি): ১৫টি, জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল/এসি): ১৫টি।

ইন্ডিয়া গভর্নমেন্ট মিন্ট: জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: ৩টি।

শিক্ষাগত যোগ্যতা: জুনিয়র টেকনিশিয়ান (ইন্ড ফ্যাক্টরি): ডাইস্টাক টেকনোলজি বা প্রেসি টেকনোলজি বা সারফেস কোটিং টেকনোলজি বা প্রিন্টিং ইন্ড টেকনোলজি বা প্রিন্টিং টেকনোলজিতে আই টি আই কোর্স পাশ।

জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং): লিখিত অফসেট মেশিন মাইন্ডার বা লেটার প্রেস মেশিন মাইন্ডার বা অফসেট প্রিন্টিং বা প্রট মেকিং বা ইলেক্ট্রোপ্রিটিং বা হ্যাট কম্পোজিং বা প্রটমেকার-কাম-ইম্পোজিটর ট্রেডে আই টি আই কোর্স পাশ।

জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল/আই টি): ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স ট্রেডে আই টি আই কোর্স পাশ।

জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল/এসি): ফিটার বা মেশিনিস্ট বা টার্নার বা ইন্ড্রুমেন্ট মেকানিক বা মেকানিক মোটর ভেইকুল ট্রেডে আই টি আই কোর্স পাশ।

উপরোক্ত সবক'টি পদের ক্ষেত্রেই নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি সংশ্লিষ্ট ট্রেডে এন সি টি স্বীকৃত ১ বছর মেয়াদের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৪০টি শব্দ বা হিন্দিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটারের ব্যবহার জানতে হবে।

বয়স: ১১-৬-২০২১ তারিখে জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৮ বছর এবং জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ২৫ বছরের মধ্যে হতে হবে।

বেতনক্রম: জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২১,৫৪০-৭৭,১৬০ টাকা এবং জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্ট এবং প্রয়োজ্য ক্ষেত্রে টাইপিং টেস্টের মাধ্যমে। পরীক্ষা জুলাই বা আগস্টে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: <https://bnpdewas.spmcil.com> দরখাস্তের শেষ তারিখ ১১ জুন।

এই নিয়োগ-সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আসানসোল ও দুর্গাপুরে স্বাস্থ্যকর্মী

ওয়াক-ইন ইন্টারভিউ ২০ মে, সকাল ১১টা

মেডিক্যাল টেকনোলজিস্ট এবং ক্রিটিক্যাল কেয়ার টেকনিশিয়ান পদে ৮ জনকে নেবে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। আসানসোল ডিভিশনাল হাসপাতাল এবং দুর্গাপুর সাবডিভিশনাল হাসপাতালে নিয়োগ করা হবে ২ মাসের চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর DH&FWS/ASL/21-22/75.

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২০ মে, সকাল, ১১টা। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: CMOH Office, Kalyanpur Satellite Township, Kalyanpur, Asansol. দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেন এই ওয়েবসাইট থেকে: [www.wbhealth.gov.in](http://www.wbhealth.gov.in) বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নন্দীগ্রামে ডাক্তার

মেডিক্যাল অফিসার (জেনারেল ডিউটি) ও পেশ্যালিস্ট পদে ১০ জন চিকিৎসককে নেবে নন্দীগ্রামে হেলথ ডিস্ট্রিক্টের অধীনস্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নন্দীগ্রাম সুপার পেশ্যালিটি হাসপাতালে ২ মাসের চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CMOH(Ndgm)/PH-02/09/02P-I/3274.

শূন্যপদের বিবরণ: মেডিক্যাল অফিসার (জেনারেল ডিউটি): ৪টি। পেশ্যালিস্ট (মেডিসিন): ২টি, পেশ্যালিস্ট (অ্যানিহেশিয়ান): ২টি, পেশ্যালিস্ট (রেসপিরেটরি মেডিসিন): ২টি।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২৪ মে থেকে, প্রতিদিন দুপুর ২টা থেকে বিকেল ৫টা (শনি, রবি ও ছুটির দিন বাদে) পর্যন্ত। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Office of the CMOH & Secretary, District Health & Family Welfare Samiti, Nandigram Health District. দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেন এই ওয়েবসাইট থেকে: [www.wbhealth.gov.in](http://www.wbhealth.gov.in) বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সিভিল সার্ভিস পরীক্ষা ১০ অক্টোবর

ইন্ডিয়ান বালিক সার্ভিস কমিশন কর্তৃক পরিচালিত সিভিল সার্ভিস (প্রিলিমিনারি) এক্সামিনেশন-২০২১ আয়োজিত হবে ১০ অক্টোবর। ২৭ জুন তারিখে এই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও দেশজুড়ে কোভিড-১৯-এর প্রকোপ বাড়ায় তা পিছনে হরিয়ে বলে জানিয়েছে কমিশন। আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: [www.upsc.gov.in](http://www.upsc.gov.in)

# ফল বেরোল

ইন্ডিয়ান কোস্ট গার্ডে যাত্রিক/নাবিক পদে নিয়োগের ক্ষেত্রে গত মার্চে হওয়া লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: <https://joindiancoastguard.gov.in> প্রার্থীরা ই-মেল আইডি এবং পাসওয়ার্ডের সাহায্যে লগইন করতে পারবেন।

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও প্রবিন প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশেখা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৩০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮ E-mail: [swarnakshar.prakasani@gmail.com](mailto:swarnakshar.prakasani@gmail.com) Website: [www.swarnakshar.in](http://www.swarnakshar.in)